**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৭১/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ৯ অক্টোবর ২০১৭, ২৪ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জনগণের কল্যাণ নিশ্চিত করতে জনপ্রতিনিধিদের প্রতি আহ্বান রাষ্ট্রপতির

২। রোহিঙ্গা সংকট নিয়ে আলোচনা করতে স্বরাষ্ট্রমন্ত্রী চলতি মাসেই মায়ানমার যাবেন

৩। রাখাইনে সহিংসতা বন্ধ না হওয়া পর্যন্ত সীমান্ত খোলা থাকবে : সেতুমন্ত্রী

৪। রোহিঙ্গাদের দ্রুত নিজ দেশে ফেরত না পাঠালে বড় বিপর্যয়ের আশঙ্কা : জাতিসংঘ প্রতিবেদন

৫। যুক্তরাষ্ট্র সফররত শিল্পমন্ত্রীর ইউএসডিএ পরিদর্শন : কৃষিতে সহায়তার আশ্বাস

৬। সাধারণ মানুষের কথা চিন্তা করে ওষুধের দাম কমান : ওষুধ প্রস্তুতকারকদের প্রতি স্বাস্থ্যমন্ত্রী

৭। বাজেটের ১৫ ভাগ স্যানিটেশনে ব্যয় করতে হবে : এলজিআরডি মন্ত্রী

৮। আয়কর সীমার নিচে অবস্থানকারীদের জন্য বিনামূল্যে আইনি সহায়তা

৯। ব্লু ইকোনমি অথরিটি গঠনের সুপারিশ সংসদীয় কমিটি'র

১০। রফতানি আয়ে ৭.২৩ শতাংশ প্রবৃদ্ধি

১১। হাইড্রোলিক হর্ন ১৫ দিনের মধ্যে থানায় জমা দিতে হাইকোর্টের নির্দেশ

১২। বঙ্গোপসাগরে লঘুচাপ : ৩নং সতর্ক সংকেত

চলমান পাতা-২

**১। জনগণের কল্যাণ নিশ্চিত করতে জনপ্রতিনিধিদের প্রতি আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মো.আবদুল হামিদ তৃণমূলে জনপ্রতিনিধিদের জনগণের কল্যাণ নিশ্চিত করতে কাজ করার আহ্বান জানিয়েছেন। গতকাল (৮ অক্টোবর রোববার) কিশোরগঞ্জের মিঠামইন উপজেলায় রাষ্ট্রপতি আবদুল হামিদ অডিটরিয়ামে এক মতিবিনিময়সভায় স্থানীয় নির্বাচিত জনপ্রতিনিধিদের প্রতি এ আহ্বান জানান তিনি। জনপ্রতিনিধিদের দেশের ও জনগণের কল্যাণে কাজ করার আহ্বান জানিয়ে তিনি বলেন, জনগণ তা আশা করে ও মনে প্রাণে চায়। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.১০,ক.৪)।

**২। রোহিঙ্গা সংকট নিয়ে আলোচনা করতে স্বরাষ্ট্রমন্ত্রী চলতি মাসেই মায়ানমার যাবেন**

রোহিঙ্গা সংকট নিয়ে আলোচনার জন্য চলতি মাসেই মায়ানমার সফরে যাচ্ছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। মায়ানমার সফরের সময় রোহিঙ্গা ছাড়াও সীমান্তপথে ইয়াবা চোরাচালান প্রতিরোধসহ অন্যান্য বিষয় নিয়ে আলোচনা করা হবে বলে জানান স্বরাষ্ট্রমন্ত্রী। গতকাল (৮ অক্টোবর রোববার) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় চোরাচালান প্রতিরোধসংক্রান্ত এক বৈঠকশেষে সাংবাদিকদের এ তথ্য দেন তিনি। এসময় তিনি বলেন, কূটনৈতিক তৎপরতার মাধ্যমে রোহিঙ্গাদের ফেরত পাঠানো সম্ভব হবে। তাই এ মাসেই মায়ানমার যাওয়ার প্রস্তুতি নেওয়া হয়েছে। এ পর্যন্ত **৯১** হাজার রোহিঙ্গা নিবন্ধনের আওতায় এসেছে। চোরাচালান ও অস্ত্র উদ্ধারে সীমান্তের **১৬**টি পয়েন্টে স্ক্যানিং মেশিন বসানো হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। রাখাইনে সহিংসতা বন্ধ না হওয়া পর্যন্ত সীমান্ত খোলা থাকবে : সেতুমন্ত্রী**

মায়ানমারের রাখাইন রাজ্যে সহিংসতা না থামা পর্যন্ত দেশটির সঙ্গে বাংলাদেশের সীমান্ত খোলা থাকবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (৮ অক্টোবর রোববার) রাজধানীর বনানীতে ফিটনেসবিহীন যানবাহনের বিরুদ্ধে বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষের (বিআরটিএ) ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রম পরিদর্শনে গিয়ে এ মন্তব্য করেন তিনি। মন্ত্রী বলেন, রোহিঙ্গার কারণে আমাদের অর্থনীতি ও পরিবেশের ওপর চাপ পড়েছে। এর প্রভাব পড়ছে আমাদের পর্যটন খাতেও। তারপরও রাখাইনে সহিংসতা বন্ধ না হওয়া পর্যন্ত সীমান্ত খোলা রাখা হবে। মানবিক কারণেই এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সহিংসতা বন্ধে চীন ও ভারতকে মায়ানমারের ওপর চাপ প্রয়োগেরও আহ্বান জানান তিনি। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), **যায়যায়দিন** ( শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১)।

**৪। রোহিঙ্গাদের দ্রুত নিজ দেশে ফেরত না পাঠালে বড় বিপর্যয়ের আশঙ্কা : জাতিসংঘ প্রতিবেদন**

রোহিঙ্গাদের দ্রুত মায়ানমারে ফেরত না পাঠানো হলে কক্সবাজারে বড় মানবিক বিপর্যয়ের আশঙ্কা করছে জাতিসংঘ। এমনকি অদূর ভবিষ্যতে কক্সবাজারের উখিয়া-কুতুপালং এলাকায় রোগব্যাধির মহামারি এবং দাঙ্গার আশঙ্কাও করছে জাতিসংঘ। চলতি সপ্তাহে জাতিসংঘের 'হিউম্যানিটারিয়ান রেসপন্স প্ল্যান; সেপ্টেম্বর ২০১৭- ফেব্রুয়ারি ২০১৮ রোহিঙ্গা রিফিউজি ক্রাইসিস' শীর্ষক একটি প্রতিবেদনে এ তথ্য দেওয়া হয়েছে। একইসঙ্গে প্রতিবেদনে রোহিঙ্গা সংকট মোকাবিলার ব্যাপারেও একটি কর্মপরিকল্পনা অন্তর্ভুক্ত করা হয়েছে। জাতিসংঘ এ প্রতিবেদন বাংলাদেশসহ একাধিক দেশের পররাষ্ট্র দপ্তরকে পাঠিয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, এ মুহূর্তে বিশ্বে সবচেয়ে প্রকট শরণার্থী সংকটের চাপ বাংলাদেশের ওপর। এ অবস্থায় সংকট সমাধানে দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য সবাইকে এখনই কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জাতিসংঘের। জাতিসংঘের আন্তর্জাতিক শরণার্থী সংস্থা, বিশ্ব অভিবাসন সংস্থা, মানবাধিকার কাউন্সিল এবং আন্তর্জাতিক রেডক্রসের সহায়তায় এ প্রতিবেদন তৈরি করা হয়েছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৫। যুক্তরাষ্ট্র সফররত শিল্পমন্ত্রীর ইউএসডিএ পরিদর্শন : কৃষিতে সহায়তার আশ্বাস**

বাংলাদেশের উৎপাদিত কৃষিজাতপণ্যও কৃষিভিত্তিক শিল্পপণ্যের গুণগত মানোন্নয়নে কারিগরি ও অবকাঠামোগত সহায়তা করবে যুক্তরাষ্ট্রের প্রতিষ্ঠান ইউনাইটেড স্টেটস্ ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার (ইউএসডিএ)। যুক্তরাষ্ট্রে সফররত শিল্পমন্ত্রী আমির হোসেন আমু'র সঙ্গে বৈঠককালে প্রতিষ্ঠানটির পরিবেশ ব্যবস্থাপনা বিভাগের প্রধান ড. কুইং জেং এ সহায়তার প্রস্তাব দেন। গত ৭ অক্টোবর শনিবার ওয়াশিংটনে অবস্থিত ইউএসডিএ পরিদর্শনকালে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে কৃষিখাতের আধুনিকায়নে যুক্তরাষ্ট্রের সহায়তার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় বাংলাদেশের গুণগত

মান অবকাঠামোর উন্নয়ন এবং মানসম্পর্কিত কারিগরি নিয়ন্ত্রণ আইন প্রণয়নের বিষয়টি বিশেষভাবে স্থান পায়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৯,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৭), **নিউ এজ** (পৃ.৪,ক.১)।

**৬। সাধারণ মানুষের কথা চিন্তা করে ওষুধের দাম কমান : ওষুধ প্রস্তুতকারকদের প্রতি স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম দেশের সাধারণ মানুষের কথা বিবেচনা করে ওষুধের মূল্য কমানোর জন্য ফার্মাসিউটিক্যাল কোম্পানিগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, বাংলাদেশে ওষুধ কোম্পানিগুলোর অসাধারণ সাফল্য রয়েছে। কিন্তু ওষুধের দাম তুলনামূলক অনেক বেশি। তাই ওষুধ কোম্পানির মালিকদের ওষুধের দাম কমানোর জন্য বলেন মন্ত্রী। তিনি বলেন, দেশের অধিকাংশ মানুষ গরিব ও মধ্যবিত্ত। বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপন উপলক্ষে গতকাল (৮ অক্টোবর রোববার) আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.৩), **নিউ এজ** (পৃ.২,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৩)।

**৭। বাজেটের ১৫ ভাগ স্যানিটেশনে ব্যয় করতে হবে : এলজিআরডি মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, উন্নত জাতি হিসেবে আত্মপ্রকাশের জন্য স্বাস্থ্যসম্মত স্যানিটেশনের বিকল্প নেই। তিনি জনস্বাস্থ্যের গুরুত্ব বিবেচনা করে স্যানিটেশনের জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে বাজেটের শতকরা ১৫ ভাগ ব্যয় করার নির্দেশ দেন। মন্ত্রী গতকাল (৮ অক্টোবর রোববার) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর মিলনায়তনে জাতীয় স্যানিটেশন মাস অক্টোবর-২০১৭ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। তিনি বলেন, অনুন্নত দেশ হিসেবে এক সময় আমাদের গড় আয়ু ৪৫ বছরের নিচে ছিল, কিন্তু স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থার ফলে এখন তা আমাদের গড় আয়ুতেও ইতিবাচক ভূমিকা রেখেছে। আগামী ২০২১ সালের মধ্যে শতভাগ পাকা স্যানিটেশন নিশ্চিতকরণে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কাজ করে যাচ্ছে বলে তিনি উল্লেখ করেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.২,ক.২), **যুগান্তর** (পৃ.৭,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১), **নিউ এজ** (পৃ.১১,ক.২)।

**৮। আয়কর সীমার নিচে অবস্থানকারীদের জন্য বিনামূল্যে আইনি সহায়তা**

এখন থেকে যেসব ব্যক্তির বার্ষিক আয় সরকার কর্তৃক নির্ধারিত আয়কর সীমার নিচে হবে, তারা বিনামূল্যে সরকারি আইনি সহায়তা পাবেন। গতকাল (৮ অক্টোবর রোববার) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা'র জাতীয় পরিচালনা বোর্ডের ৩৫তম সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক সভাপতিত্ব করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **যুগান্তর** (পৃ.৭,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৯। ব্লু ইকোনমি অথরিটি গঠনের সুপারিশ সংসদীয় কমিটি'র**

দেশের সমুদ্রসীমায় খনিজসম্পদ অনুসন্ধান ও আহরণের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে ব্লু ইকোনমি অথরিটি করার সুপারিশ করেছে সংসদীয় কমিটি। গতকাল (৮ অক্টোবর রোববার ) বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি'র বৈঠকে এ সুপারিশ করা হয়। বৈঠকে জানানো হয়, এখন বাংলাদেশের সমুদ্র এলাকা ১ লাখ ১৮ হাজার ৮১৩ বর্গকিলোমিটার, যা দেশের আয়তনের প্রায় ৮২ শতাংশ। বাংলাদেশের এ ব্লু ইকোনমি'র সম্ভাবনাকে কাজে লাগাতে গত ফেব্রুয়ারিতে অস্থায়ী ব্লু ইকোনমি সেল গঠন করা হয়েছে। বৈঠকে জানানো হয়, এ সেলটি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন একটি অস্থায়ী সেল। এর আইনগত কর্তৃত্ব না থাকায় এ সেলের সিদ্ধান্ত মানার ক্ষেত্রে অন্যদের আইনগত বাধ্যবাধকতা নেই, কোনো আর্থিক বরাদ্দও দেওয়া হবে না। তাই এ সেলকে স্থায়ী করা বা আইনের মাধ্যমে একটি ব্লু ইকোনমি কর্তৃপক্ষ গঠন করার সুপারিশ করে সংসদীয় কমিটি। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **প্রথম আলো** (পৃ.৫,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫)।

**১০। রফতানি আয়ে ৭.২৩ শতাংশ প্রবৃদ্ধি**

চলতি অর্থবছরের (২০১৭-১৮) প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) রফতানি আয়ে প্রবৃদ্ধি হয়েছে ৭ দশমিক ২৩ শতাংশ। রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সর্বশেষ মাসিক পরিসংখ্যানে এ তথ্য পাওয়া গেছে। ইপিবির উপাত্ত অনুযায়ী, অর্থবছরের প্রথম তিন মাসে দেশের রফতানি আয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৮৬৬ কোটি ২৭ লাখ ৩০ হাজার মার্কিন ডলার। গত অর্থবছরের একইসময়ে আয় ছিল ৮০৭ কোটি ৮৮ লাখ ২০ হাজার মার্কিন ডলার। এ হিসেবে বছরওয়ারি প্রবৃদ্ধি হয়েছে ৭ দশমিক ২৩ শতাংশ। তিন মাসের তথ্যে দেখা যায়, উৎপাদনমুখী শিল্পপণ্য খাতগুলোয় রফতানি আয় বেড়েছে ৭

দশমিক ১৩ শতাংশ। আর প্রাথমিক পণ্য রফতানিতে আয় বেড়েছে ২২ দশমিক শূন্য ৭ শতাংশ। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**১১। হাইড্রোলিক হর্ন ১৫ দিনের মধ্যে থানায় জমা দিতে হাইকোর্টের নির্দেশ**

গাড়ির মালিকসহ সংশ্লিষ্টদের কাছে যেসব হাইড্রোলিক হর্ন এখনও রয়েছে সেগুলো আগামী ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট থানায় জমা দেওয়ার নির্দেশ দিয়েছে হাইকোর্ট। গতকাল (৮ অক্টোবর রোববার) ঢাকা মেট্রোপলিটন পুলিশসহ (ডিএমপি) সংশ্লিষ্টদের এ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন দাখিলের পর বিচারপতি কাজী রেজাউল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেয়। আদেশে জব্দ করা হাইড্রোলিক হর্ন পুলিশকে ধ্বংস করতে বলা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**১২। বঙ্গোপসাগরে লঘুচাপ : ৩নং সতর্ক সংকেত**

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের কারণে চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্রবন্দরসমূহকে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলেছে আবহাওয়া অধিদফতর। সেইসঙ্গে বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করারও নির্দেশ দিয়েছে অধিদফতর। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** অবকাঠামোগত ত্রুটির কারণে এবং বৈধ লাইসেন্স না থাকায় বাল্কহেড বা কার্গো নৌকা নদীপথে নানা দুর্ঘটনার কারণ হচ্ছে উল্লেখ করে এ নৌকাগুলোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

খ. **প্রথম আলো :** অপরিশোধিত পোলট্রিবর্জ্য কৃষিতে সার ও মাছের খাবার হিসেবে উদ্বেগজনকভাবে ব্যবহার করায় জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর হওয়ায় এ বর্জ্য পরিশোধন ও তার সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ :** জেটি সংকটের কারণে চট্টগ্রাম বন্দরে দীর্ঘদিন ধরে জাহাজ জট লেগেই আছে উল্লেখ করে বন্দরের সক্ষমতা বাড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল :** অনলাইনভিত্তিক ‘ব্লু হোয়েল’ নামের এক ‘ডার্ক গেম’ বিশ্বের কয়েকটি দেশের সাথে বাংলাদেশেও বিস্তার লাভ করে এক কিশোরী আত্মঘাতী হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে শিশু-কিশোরদের এ নেতিবাচক প্রবণতা থেকে দূরে রাখতে অভিভাবকদের সচেতন থাকার আহ্বান।

ঙ. **ভোরের কাগজ :** নিত্যপণ্যের দাম বাড়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** হাওর এলাকার উন্নয়নে নজর দেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** খাদ্যপণ্য আমদানিকারকদের লাইসেন্সের আওতায় আনার সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** লিবিয়াতে ২৩ বছরের এক বাংলাদেশি যুবকের মানব পাচারকারীদের হাতে নির্মমভাবে নির্যাতনের মুখে পড়ার কথা উল্লেখ করে মানবপাচার বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঝ. **নিউ এজ :** মোটরসাইকেল ও বাইসাইকেল ব্যবহারকারীরা বেশিরভাগ ট্রাফিক আইন মেনে না চলায় এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রোহিঙ্গাদের ওপর সহিংসতা বন্ধে মায়ানমারের বিরুদ্ধে যে আন্তর্জাতিক চাপ সৃষ্টি হয়েছে তা যেন অব্যাহত থাকে, সেজন্য বাংলাদেশের কূটনৈতিক তৎপরতা অব্যাহত রাখতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘সৃজনশীল প্রশ্নপদ্ধতি এবং আমাদের শিক্ষাব্যবস্থা’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আমাদের শিক্ষাব্যবস্থা আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে শিক্ষার সর্বস্তরে ডিজিটাল পদ্ধতির ব্যবস্থা করতে হবে এবং আধুনিক শিক্ষা উপকরণ ব্যবহার করে শিক্ষককে শ্রেণিকক্ষে পাঠদান পদ্ধতি চালিয়ে যেতে হবে।

#

খাদীজা/ফাহিমা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা